

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা,সহজিকৃত সেবা/ আইডিয়ার নাম	সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/ আইডিয়ার কার্যকর আছে কিনা/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
১	কন্ট্রোল ডাটাবেজ এন্ড ম্যানেজমেন্ট সিস্টেম	দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া অধিকতর স্বচ্ছতা ও দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের আওতায় সম্পাদিত সকল কার্য সম্পাদন সনদ (Work Completion Certificate) e-system এ জারী (Issue) এবং যাচাই (Verification) করার উদ্দেশ্যে সফটওয়্যারটি তৈরি করা হয়।	আছে	পাচ্ছে	http://cdms.pwd.gov.bd	
২	ডেঙ্গু প্রতিরোধ ব্যবস্থাপনা মনিটরিং	সারা দেশব্যাপী ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন সরকারি অফিস ও আবাসিক ভবনসমূহের চারদিকে মশার প্রজননস্থল ধ্বংস করে পরিবেশগত ব্যবস্থাপনার মাধ্যমে মশা নিয়ন্ত্রণের লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে এই সফটওয়্যারটি অন্যতম যার মাধ্যমে যেকোন সচেতন নাগরিক উক্ত অধিদপ্তরের অধিক্ষেত্রভুক্ত যেকোন সরকারি অফিস ও আবাসিক ভবনসমূহের চারপাশে মশার প্রজনন ধ্বংশের জন্য সেসব স্থানের ছবি আপলোড করে সংশ্লিষ্ট গণপূর্ত অধিদপ্তরের কর্মচারীকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে পারবেন এবং একই সাথে ডেঙ্গু বিস্তার রোধে যেসব ব্যবস্থা নেয়া প্রয়োজন সেগুলো তার পর্যবেক্ষণ সহকারে অভিযোগ আকারে প্রেরণ করতে পারবেন। তাঁর এই অভিযোগের প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক গৃহীত ব্যবস্থা উক্ত ডাটাবেজে সংরক্ষনের পাশাপাশি অভিযোগকারীকেও অবহিত করা হবে।	আছে	পাচ্ছে	http://dpms.pwd.gov.bd	

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা,সহজিকৃত সেবা/ আইডিয়ার নাম	সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/ আইডিয়ার কার্যকর আছে কিনা/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
৩	ডিজিটালাইজেশন অব এস্টিমেট	শিডিউল অব রেটস বই হতে ম্যানুয়াল পদ্ধতিতে বিভিন্ন আইটেমের দর খুঁজে বের করে ও যোগ করে প্রাক্কলন তৈরী করণ যথেষ্ট সময়সাপেক্ষ ও এতে ভুলের সম্ভাবনা থাকে। অন্যদিকে সফটওয়্যার ব্যবহার করে দ্রুততম সময়ে দর খুঁজে বের করে সফটওয়্যার দ্বারা সয়ংক্রিয়ভাবে যোগ করে স্বল্পতম সময়ে নির্ভুলভাবে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলন প্রস্তুত করা যায়।	আছে	পাচ্ছে	http://mis1pwd.com/	
৪	গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা- কর্মচারীদের ডিজিটাল বেতন ভাতা ডাটাবেজ	গণপূর্ত অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীদের প্রতি বছর প্রত্যেকটি কোড অনুযায়ী কত টাকা বেতন প্রয়োজন এবং সেই অনুযায়ী বিভাজন করার জন্য সফটওয়্যারটি তৈরি করা হয়েছে। উক্ত সফটওয়্যারে প্রতিটি অফিসের প্রধানগন তাদের অধিনস্ত কর্মকর্তা কর্মচারী , ভাউচার ও আউটসোসিং পদ্ধতিতে নিয়োগকৃত ব্যক্তিদের বেতনের তথ্য প্রদান করতে পারবেন।	আছে	পাচ্ছে	https://pwd-ucop.com/salary	
৫	সরকারী কর্মকর্তা-কর্মচারীদের সরকারী আবাসনের বিভিন্ন সমস্যা সমাধানের অনলাইন কমপ্লেইন ম্যানেজমেন্ট	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক রক্ষণাবেক্ষনকৃত বিভিন্ন সরকারী আবাসিক-অনাবাসিক ভবনসমূহে বসবাসকৃত এ্যালোটিদের নানাবিধ সমস্যার ডাটাবেইজ এবং সমাধানের জন্য একটি অনলাইন কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি প্রস্তুত করা হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে এ্যালোটিরা তাদের বিভিন্ন সমস্যা অনলাইনে প্রেরণ করতে পারবেন। প্রেরনকৃত সমস্যাগুলো সরাসরি সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলীর নিকট পৌছে যাবে এবং উক্ত সমস্যা সমাধানে উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ এবং কত দ্রুত সময়ে নিষ্পত্তি করতে পারে তার ভিত্তিতে পারফরমেন্স মনিটরিং হবে।	আছে	পাচ্ছে	http://cms.pwd.gov.bd	